“মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২.৯১৪

তারিখ: ২৫ মাঘ ১৪২৮
০৮ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: জানুয়ারি ২০২২ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত “ছক” মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের জানুয়ারি ২০২২ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৮/০২/২০২২

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: জানুয়ারি ২০২২ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৩-০২-২০২২ খ্রি:

## (১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১১,০৬০ | ১,৯২৫ | |
| মোট | ১২,৯৮৫ | ১১,০৬০ | ১,৯২৫ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন- ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১২৩ | ৪১১ | ১০৭৬ | ৩১৫ | ১,৯২৫ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০৩টি
অতিরিক্ত পরিচালক -০৩টি
সহকারি পরিচালক -১৯টি
সমাজসেবা অফিসার/সমমান -৯৮টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | -- | -- | - | - | - | |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রয়োজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রয়োজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৮২.৪০<br>(চারশত বিরাশি কোটি চল্লিশ লক্ষ টাকা) | ৯৮.০৫৭৫<br>(আটানব্বই কোটি পাঁচ লক্ষ পঁচাত্তর হাজার টাকা)<br>২০% | ১। অনগ্রসর জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে মোবাইল সার্ভিসিং, ড্রাইভিং, টিভি-ফ্রিজ মেরামত এবং দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারি প্রশিক্ষণ | ২২/১১/২০২১ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | ১। ভবন নির্মাণ।<br>২। হাসপাতাল ভবন নির্মাণ। | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রয়োজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রয়োজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রয়োজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

## (৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২২৬টি<br>অগ্রীম- ৯০টি<br>৩১৬ টি | ৯৫৩০০৪২৬৮<br>১২২৫৩৬৬৩২<br>১০৭৫৫৪০৯০০<br>(একশত সাত কোটি পঞ্চান্ন লক্ষ চল্লিশ হাজার নয়শত) | ১১টি<br>(সাধারণ) | ০২টি (সাধারন)<br><br>টাকার পরিমান ৪২২১৬৭ (চার লক্ষ বাইশ হাজার একশত ষাটষট্টি) | সাধারণ-২২৪টি<br>নতুন- ৯টি<br>মোট= ২৩৩টি<br>টাকার পরিমান<br>৯৫২৫৮২১০১<br>৭০০০০০০<br>৯৫৯৫৮২১০১ টাকা<br><br>অগ্রীম- ৯০ টি<br>নতুন- ২১ টি<br>মোট=১১১টি<br>টাকার পরিমান<br>১২২৫৩৬৬৩২<br>৫৬৯৬৭৯৯৮৩<br>৬৯২২১৬৬১৫ টাকা<br><br>সর্বমোট=৩৪৪টি<br>১৬৫,১৭,৯৮,৭১৬ টাকা<br>(একশত পয়ষট্টি কোটি সতের লক্ষ আটানব্বই হাজার সাতশত ষোল) | ১। সুপারিশকৃত ১৩টি অগ্রীম আপত্তির নিষ্পত্তি পত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>২। ০৪/১০/২০২১ তারিখে ত্রি-পক্ষীয় সভায় সুপারিশকৃত ০৭টি অগ্রীম নিষ্পত্তির পত্র জারী করার জন্য ১৮/১১/২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে হতে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>৩। ২৬টি সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ২৬/১২/২১ তারিখ দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। তন্মধ্যে ১৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।<br>৪। ২০১৯-২০ অর্থবছরে ক্যান্সার ও কিডনী রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচীর বিপরীতে মোট ৩০টি (সাধারন-০৯ টি এবং অগ্রীম-২১টি) নতুন অডিট আপত্তি যোগ করা হয়েছে। ফলে আপত্তির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

## (৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত **/বরখাস্ত** | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১২৮ | ০৯ | ১৩৭ | ০০ | ০৪ | ০০ | ০৪ | ০১১ | ১৩৩<br>১ম শ্রেণির ৪৩ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৫৫ টি,<br>৪র্থ শ্রেণির ৩০ টি<br>মোট = ১৩৩ টি |

## (৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহনকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | বৃত্তিমূলক প্রশিক্ষণ (সেলাই, গবাদি পশু পালন, ক্ষুদ্র ব্যবসা এবং হাঁস-মুরগি পালন) | সংক্ষিপ্ত প্রশিক্ষণ | উপজেলা সমাজসেবা কার্যালয় | ৩০,৯৮৫ জন |
| ২ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | শুরু থেকে এ পর্যন্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,০৬,০৮৩ জন। এর আওতাধীন এতিম প্রতিবন্ধী ও অন্যান্য প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,০৬০ জন |
| ৩ | ৪৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (চলমান) | ০৭ নভেম্বর ২০২১ হতে ০৬ মার্চ ২০২২ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩৫ জন (কোভিড- ১৯ (ওমিক্রন) এর প্রাদুর্ভাব বৃদ্ধি এবং ৩৫ জন প্রশিক্ষণার্থীর মধ্যে ০৯ জন প্রশিক্ষণার্থী কোভিড ১৯ পজেটিভ হওয়ায় ২০ জানুয়ারি ২০২২ অপরাহ্নে ৪৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সাময়িকভাবে স্থগিত করা হয়েছে।) |
| ৪ | ওরিয়েন্টেশন কোর্স | ০৯ হতে ১৩ জানুয়ারি ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ২৫ জন |
| ৫ | বিশেষ প্রশিক্ষণ কোর্স ব্রেইল | ২৩ হতে ২৭ জানুয়ারি ২০২২ | | ২০ জন |
| ৬ | ওরিয়েন্টেশন কোর্স (৪র্থ শ্রেণী) | ৩ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৩ জন |
| ৭ | সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও দপ্তর ব্যবস্থাপনা (এফ এস) | ৫ দিন | | ২৩ জন |
| ৮ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৯ হতে ১৩ জানুয়ারি ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ৩০ জন |
| ৯ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ০৪ হতে ০৬ জানুয়ারি ২০২২ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ৩১ জন |
| ১০ | Office Management & ICT Course | ০৯ হতে ১৩ জানুয়ারি ২০২২ | | ২৭ জন |
| ১১ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১৬ হতে ২০ জানুয়ারি ২০২২ | | ২৯ জন |
| ১২ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ২৩ হতে ২৭ জানুয়ারি ২০২২ | | ২৮ জন |
| ১৩ | কেইস ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ৩ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৪০ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :
জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ২৩ হতে ২৪ জানুয়ারি ২০২২ পর্যন্ত ০২ (দুই) কর্মদিবস ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই ।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১২৩ জন, ২য় শ্রেণির ৪১১ জন, ৩য় শ্রেণির ১০৭৬ জন এবং ৪র্থ শ্রেণির ৩১৫ জন মোট ১ হাজার ৯২৫ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী :

(০১) ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ ৩১ জানুয়ারি/২২ পর্যন্ত মোট ১ কোটি ২ লক্ষ ৮৪ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে প্রায় ৯৬ লক্ষ ১৮ হাজার ৭৭৩ জনের EFT এর মাধ্যমে ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে। বিতরণের হার ৯৩.৫৪% এবং EFTমাধ্যমে ভাতার অর্থ প্রেরণের কাজ চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরের ১ম ও ২য় কিস্তির (জুলাই/২১ হতে ডিসেম্বর/২১) পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয় হতে অর্থ ছাড় করা হয়েছে এবং ৩য় কিস্তি (জানুয়ারি/২২ হতে মার্চ/২২ পর্যন্ত) অর্থছাড়ের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে।

(০২) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ২৮.৪৩ কোটি টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকার বিভাজন উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে। ২য় কিস্তি প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড় করা হয়েছে। বিল প্রস্তুতপূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ৩য় কিস্তি ছাড়করণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৩) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২য় কিস্তি ছাড়করণের নিমিত্ত বিল সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে।

(০৪) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/Micro Credit Monitoring System (MCMS) সফটওয়ার এ ডাটা এন্ট্রি/টেস্টিং সম্পূর্ণ করার জন্য a2i এর উদ্যোগে শাখাধীন ও মাঠ পর্যায়ের বাছাইকৃত কর্মকর্তা এবং কর্মচারীদের নিয়ে গত ২৪ জানুয়ারি ২০২২ তারিখে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

(০৫) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ১০.৬০ কোটি টাকার মধ্যে ২য় কিস্তি বাবদ ২ কোটি ৬৫ লক্ষ টাকার বিভাজন মাঠ পর্যায়ে শহর সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ৩য় কিস্তির অর্থ প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়করণ করা হয়েছে। বিল প্রস্তুতপূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৬) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩১ জানুয়ারি ২০২২ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৪ লক্ষ ৬৯ হাজার ১১৬ জন। ০১-৩১ জানুয়ারি ২০২২ পর্যন্ত মোট এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২০ হাজার ২০৮ জন। এর মধ্যে অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১২ হাজার ১৩৭ জন এবং ১৯ হাজার ৩৫১ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করা হয়েছে।

(০৭) 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন' ২০১৩ এর ধারা ২১, ২৩ ও ২৪ মোতাবেক যথাক্রমে জেলা কমিটি, উপজেলা কমিটি এবং শহর কমিটিসমূহ গঠন ও গঠিত কমিটির সভার রেজুলেশন এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত ছক মোতাবেক প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩৩.১৬.০২ তারিখ ০২ জানুয়ারি ২০২২ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(০৮) সরকারি শিশু পরিবারে অবস্থানরত ১৮ (আঠারো বছর উত্তীর্ণ নিবাসিদের তথ্য নির্ধারিত ছক মোতাবেক প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.৬১১.১৮.১৬৮ তারিখ ০৫ জানুয়ারি ২০২২ যোগে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(০৯) এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নিবাসিদের (ক) ট্রেড ভিত্তিক বর্তমান প্রশিক্ষণার্থীদের তথ্য, (খ) বিগত ৫ (পাঁচ) বছরে (২০১৬-২০২১) প্রশিক্ষণপ্রাপ্ত নিবাসিদের তথ্য এবং (গ) প্রশিক্ষণের মাধ্যমে পুনর্বাসিত নিবাসিদের (যদি থকে) তথ্য নির্ধারিত ছক মোতাবেক প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.৬১১.১৮.১৬৯ তারিখ ০৫ জানুয়ারি ২০২২ যোগে সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার (উপপরিচালক) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) এটুআই কর্তৃক চাহিত সমাজসেবা অধিদপ্তরের **"সুবর্ণ নাগরীক"** -এ নিবন্ধিত দক্ষ প্রতিবন্ধী যুবকদের প্রতিটি পদের জন্য নুন্যতম ৫টি করে মোট (৪৮৪x৫) = ২,৪২০টি জীবন বৃত্তান্ত এটুআই বরাবর প্রেরণের লক্ষ্যে পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে জীবন বৃত্তান্ত অধিদপ্তরে প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.৩১.০০১.১৬.৪৩/৯(১৯) তারিখ ১৯ জানুয়ারি ২০২২ যোগে সংশ্লিষ্ট সকল প্রতিবন্ধী প্রতিষ্ঠান প্রধান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) 'পরিত্যক্ত শিশুর অধিকার সুরক্ষা আইন, ২০২১' প্রণয়ন শীর্ষক এক কর্মশালা ৩০ জানুয়ারি ২০২২, রবিবার দিনব্যাপী "জুম প্লাটফর্মে" অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের অবহিত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩৯.২১.৪৫ তারিখ ২৪ জানুয়ারি ২০২২ যোগে পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) মন্ত্রী পরিষদ বিভাগ এর স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪২ তারিখ ২৩ জানুয়ারি ২০২২ মূলে "করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধিনিষেধ আরোপ" শীর্ষক প্রজ্ঞাপনের ১.১ ক্রমিকে 'সকল সরকারি/আধাসরকারি/বেসরকারি অফিসসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক অর্ধেক সংখ্যক কর্মকর্তা-কর্মচারী নিয়ে পরিচালনা করতে হবে' মর্মে বর্ণনা অনুযায়ী প্রতিষ্ঠান অধিশাখার কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে রোস্টার ডিউটি প্রস্তুত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.০৫.০০২.১৬.৪৭ তারিখ ২৫ জানুয়ারি ২০২২ তারিখ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী বরাবর অফিস আদেশ জারী করা হয়।

(১৩) বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানের ২০২১-২০২২ অর্থ বছরে অনুমোদিত দরপত্র অনুযায়ী "ঙ" গ্রুপভূক্ত বিবিধ মালামাল ক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরিত চাহিদাপত্র (এ পর্যন্ত প্রাপ্ত) যাচাই -বাছাই ও পরীক্ষা-নিরীক্ষান্তে সুপারিশকৃত অর্থ বরাদ্দ ও মঞ্জুরীর জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় বরাবর ইউ ও নোট প্রেরণ করা হয়েছে।

(১৪) কোভিড ১৯ সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় সরকার কর্তৃক সকল নাগরিকের জন্য কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে জাতীয় কারিগরি পরামর্শ কমিটির সুপারিশের আলোকে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল প্রতিষ্ঠানের নিবাসিদেরকে কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে টিকা প্রদান নিশ্চিতের লক্ষ্যে ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে সমাজসেবা অধিদপ্তরের ১০ (দশ) জন কর্মকর্তাকে মনোনিত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.৩১.০০১.১৬.৫৭ তারিখ ৩০ জানুয়ারি ২০২২ যোগে সংশ্লিষ্ট অফিস আদেশ জারী করা হয়।

(১৫) "মুজিব বর্ষের সফলতা, ঘরেই পাবেন সকল ভাতা" প্রতিপাদ্যকে সামনে রেখে ০২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০২২ সমাজসেবা অধিদপ্তর প্রঙ্গানে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়। দিবসে প্রধান অতিথি হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ, এমপি, বিশেষ অতিথি হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব রাশেদ খান মেনন, এমপি এবং সভাপতিত্ব করেন জনাব মাহফুজা আখতার, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(১৬) ০২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে ০৪টি দৈনিক জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশিত হয়েছে। এছাড়াও দিবসের দিন অনুষ্ঠানস্থলে আমন্ত্রিত অতিথিদের মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করা হয়।

(১৭) সমাজসেবা অধিদপ্তরাধীন জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক '৪৭ তম বুনিয়াদি' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে স্বনামধন্য রিসোর্স পারসন হিসেবে **জানুয়ারি**, ২০২২ মাসে সেশন পরিচালনা করেন জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, মাননীয় সিএজি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ; জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, সাবেক রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি; বিশিষ্ট কথা সাহিত্যিক জনাব আনিসুল হক, সহযোগী সম্পাদক, দৈনিক প্রথম আলো; জনাব এ টি এম আল-ফাত্তাহ, ন্যাশনাল কনসালটেন্ট, ই-নথি সার্ভিস, এটুআই, আই সি টি বিভাগ; জনাব খাদিজা নাজনীন, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা; অদ্বৈত কুমার রায়, কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা; উল্লেখিত রির্সোস পারসন ছাড়াও সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১), পরিচালক, অতিরিক্ত পরিচালক, উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ সেশন পরিচালনা করেন।

(১০) গ. আগামী ২ মাসে (ফেব্রুয়ারি ২০২২, মার্চ ২০২২) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযথভাবে উদযাপনের অংশ হিসেবে সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশনসহ অন্যান্য কর্মসূচী পালনের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হবে।

(০২) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত বেসরকারি এতিমখানাসমূহের অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরে ১ম কিস্তি (জুলাই/২১ হতে ডিসেম্বর/২১) সরকারি অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) বাবদ সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ অধিদপ্তর হতে পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট সকল কার্যালয়/প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হবে।

(০৩) বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানের অনুমোদিত দরপত্র অনুযায়ী "ঙ" গ্রুপভূক্ত বিবিধ মালামাল ক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরিত অবশিষ্ট চাহিদাপত্র যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষান্তে সুপারিশকৃত অর্থ বরাদ্দ ও মঞ্জুরীর জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় বরাবর ইউ ও নোট প্রেরন করা হবে।

(০৪) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২০২১-২২ অর্থবছরের বরাদ্দপ্রাপ্ত সর্বমোট ২৩.৩২ কোটি (তেইশ কোটি বত্রিশ লক্ষ) টাকার মধ্যে ২য় কিস্তি বাবদ ০৫ কোটি ৮৩ লক্ষ টাকা যথাসময়ে উপজেলা পর্যায়ে বিনিয়োগ নিশ্চিতকরণ।

(০৫) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৩য় কিস্তির ছাড়করণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

ঘ. আগামী দুই মাসে (ফেব্রুয়ারি ২০২২, মার্চ ২০২২) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

০৭/২/২২

07/02/22

09/02/22
তাসলিমা খাতুন
সহকারী পরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

9/2/22
রকিব আহমেদ
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।